

“নিয়োগ বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পে মতলব উত্তর উপজেলার ১৪ (চৌদ্দ)টি ইউনিয়ন ও ছেংগারচর পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্যে স্থানীয় আগ্রহী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের নিয়ে উল্লিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুমারি/জরিপ চলাকালীন গণনাকারী ও সুপারভাইজার মনোনয়ন করা হবে।

শর্তাবলীঃ

- ০১। তালিকাকারী/গণনাকারীর ন্যূনতম যোগ্যতা হবে উচ্চমাধ্যমিক পাশ বা সমমান, সুপারভাইজারকে উচ্চমাধ্যমিক পাশ বা সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরণসাপেক্ষে অগ্রাধিকার পাবেন, বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন;
- ২। ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে;
- ৩। তালিকা প্রণয়ন কার্যক্রমে প্রতি গণনাকারী ১০(দশ) দিনে মোট ৩৫০-৪০০ খানার তালিকা করবে, মূল শুমারিতে ৭ (সাত) দিনে মোট ১০০-১২০ খানার তথ্য সংগ্রহ করতে হবে, একজন সুপারভাইজার কমপক্ষে ৬-৭জন তালিকাকারী/গণনাকারীর তদারকির দায়িত্বে থাকবেন;
- ৪। খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করা হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণকেই এ কার্যক্রমে নিয়োজিত করা হবে। স্মার্টফোন (এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ অন্তত ৫ ইঞ্চি) থাকতে হবে;
- ৫। মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে;
- ৬। খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মূল শুমারি কার্যক্রমের তুলনায় প্রায় এক-তৃতীয়াংশ শুমারিকর্মী প্রয়োজন হবে বিধায় খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে বিবেচিত অধিকতর যোগ্যতাসম্পন্ন এবং শুমারি/জরিপ কাজে পূর্বের অভিজ্ঞতা রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
- ৭। খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে নিয়োজিতব্য শুমারিকর্মীগণ মূল শুমারিতেও শুমারিকর্মী হিসেবে দায়িত্ব পালন করতে হবে;
- ৮। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(ক) সম্পতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত (এনআইডি) ০১ কপি।
(গ) নাগরিকত্ব সনদের ০১ কপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদের ০১ কপি।
(ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্র।
- ৯। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তর, ওয়েবসাইট/উপজেলা পরিসংখ্যান অফিস/ইউনিয়ন পরিষদ (সকল)/পৌরসভায় পাওয়া যাবে।
- ১০। খামের উপর পদের নাম, ওয়ার্ডের নাম, ইউনিয়নের নাম, পৌরসভার নাম ও মৌজার নাম উল্লেখ করতে হবে।
- ১১। তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
- ১৩। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার মূল সনদের কপি দেখাতে হবে।
- ১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদ্দেশ্যে গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উপরোক্ত শর্তাদি পূরণকল্পে আবেদনপত্র আগামী ২২.০১.২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা পরিসংখ্যান অফিস, মতলব উত্তর, চাঁদপুর বরাবর পৌছাতে হবে। আবেদনকারীদের আগামী ২৭.০১.২০২০ খ্রিস্টাব্দ তারিখ সকাল ০৯:৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।


(এ, এম, জহিরুল হায়াত)
পরিচিতি নং ০১৬৮০৫
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা শুমারি কর্মী যাচাই-বাছাই কমিটি
জনশুমারি ও গৃহগণনা প্রকল্প ২০২১
মতলব উত্তর, চাঁদপুর

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো;

- ০১। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ০২। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মতলব উত্তর, চাঁদপুর।
- ০৪। উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, চাঁদপুর।
- ০৫। মেয়র, ছেংগারচর পৌরসভা, চাঁদপুর।
- ০৬। জনাব....., উপজেলা..... কর্মকর্তা, মতলব উত্তর, চাঁদপুর।
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মতলব উত্তর, চাঁদপুর।
- ০৮। সম্পাদক, দৈনিক ইলশেপাড়, চাঁদপুর। [তাঁকে আগামী ১৬.০১.২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ প্রকাশিত পত্রিকার ০২(দুই) সেট অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ০৯। অফিস কপি।


(মোঃ সায়েদুল আলম)
উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত)

ও
সদস্য-সচিব
উপজেলা শুমারি কর্মী যাচাই-বাছাই কমিটি
জনশুমারি ও গৃহগণনা প্রকল্প ২০২১
মতলব উত্তর, চাঁদপুর